দৈনিক ইত্তেফাক

16 MAY 2017

# শর্ত পূরণে ব্যর্থ বিশ্ববিদ্যালয়ের বিরুদ্ধে ব্যবস্থা

■ ইত্তেফাক রিপোর্ট

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোকে নিজস্ব ক্যাম্পাসে যেতে হবে। বিধি-বিধান মেনে বিশ্ববিদ্যালয় পরিচালনা করতে হবে। যারা নির্ধারিত শর্ত পূরণে ব্যর্থ হয়েছে এবং একাধিক ক্যাম্পাসে পাঠদান পরিচালনা করছেন, তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে। শিক্ষামন্ত্রী গতকাল সোমবার বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে অতীশ দীপঙ্কর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২য় সমাবর্তন অনুষ্ঠানে সভাপতির বক্তৃতায় একথা বলেন।

মন্ত্রী দেশের বাস্তবতা এবং জনগণের আর্থ-সামাজিক অবস্থা বিবেচনা করে শিক্ষার্থীদের ভর্তি ও টিউশন ফিসহ সকল প্রকার ব্যয় একটি সীমা পর্যন্ত নির্ধারিত রাখতে বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর প্রতি আহ্বান জানান। তিনি বলেন, উচ্চ শিক্ষার অন্যতম উদ্দেশ্য হলো দক্ষ মানবসম্পদ সৃষ্টি। শিক্ষা ও প্রশিক্ষণের মাধ্যমে স্থিতিশীল উন্নয়ন নিশ্চিত করতে বহুমাত্রিক শিক্ষা কার্যক্রমের সঙ্গে শিক্ষার্থীদের সম্পৃক্ত করার যথোপযুক্ত পরিকল্পনা বিশ্ববিদ্যালয়গুলোর থাকতে হবে। বৈজ্ঞানিক, প্রযুক্তিগত ও তথ্য বিপ্লবের সুযোগ গ্রহণ করে তাদেরকে যুগোপযোগী মানবসম্পদে পরিণত করতে হবে। দেশের উন্নয়নে মেধার সঙ্গে সৃজনশীলতার সমন্বয় ঘটাতে হবে।

অনুষ্ঠানে সমাবর্তন বক্তা ছিলেন ভারতের লক্ষ্ণৌ বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের অধ্যাপক ড. মোহা. মোজাম্মিল। সমাবর্তনে অন্যদের মধ্যে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান প্রফেসর আব্দুল মান্নান, বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টিজ-এর চেয়ারম্যান অধ্যাপক ড. আনোয়ারা বেগম এবং বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. মো. নজরুল ইসলাম খান বক্তৃতা করেন।

সমাবর্তনে ১৭ হাজার ২৮৪ জন শিক্ষার্থীকে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি প্রদান করা হয়। ১০ জন শিক্ষার্থীকে চ্যান্সেলর এওয়ার্ড এবং ১৮ জনকে বোর্ড অব ট্রাস্টিজ চেয়ারম্যান এওয়ার্ড প্রদান করা হয়। শিক্ষামন্ত্রী কৃতি শিক্ষার্থীদের মাঝে পদক ও সার্টিফিকেট বিতরণ করেন।

পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে